# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## গার্হস্থ্য বিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট | পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ সৃষ্টির নিজস্ব সময়ের তালিকা রয়েছে। সে প্রতিদিন তালিকা অনুযায়ী কাজ সম্পন্ন করে। এতে করে তার কাজের দক্ষতা ও গতিশীলতা বৃদ্ধি পায় এবং করণীয় কাজ সম্পর্কে ধারণা হয়। সৃষ্টির সময়ের তালিকা থাকায় সেসব কাজ সময় মতো করতে পারে।

ক. বাজেট কী? ১

খ. মধ্যবিত্ত একটি পরিবারে সর্বোচ্চ ও সর্বনিম্ন ব্যয় বরাদ্দের খাত সম্পর্কে ধারণা দাও। ২

গ. সৃষ্টি সময় তালিকা প্রণয়ন করার ক্ষেত্রে কোন বিষয়গুলো বিবেচনায় আনে? শনাক্ত করো। ৩

ঘ. সৃষ্টির মতো স্কুলগামী ছাত্রীর স্কুল খোলার দিনের কর্মসূচি বিশ্লেষণ করো। ৪

২.▶ অতশী তার ঘরকে সুন্দরভাবে সাজানোর জন্য কিছু ছবি ও প্লাস্টিকের ফুল কিনে আনেন। তিনি যেখানে সেখানে ফুল রাখলেন। তবে সঠিক নিয়মে তিনি দেয়ালে ছবি টাঙ্গালেন। তার বড় বোন এসব দেখে তাকে পুষ্প বিন্যাসের নিয়ম শিখিয়ে দিলেন।

ক. সামাজিকতা রক্ষার কেন্দ্রস্থল কোনটি? ১

খ. কীভাবে রান্নাঘরের আসবাব বিন্যাস করতে হয়? ২

Teachingbd24.com

গ. অতশী তার গৃহের নান্দনিকতা ফিরিয়ে আনতে কী ধরনের দেয়ালসজ্জা করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. অতশীর গৃহের নান্দনিকতা বৃদ্ধিতে তার বোনের পুষ্প বিন্যাসের নিয়ম কী ধরনের ভূমিকা রাখবে বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৩.▶ ৯ম শ্রেণির ছাত্র শুভ পড়াশোনায় খুবই মনোযোগী। তার বাবা একজন সরকারি কর্মকর্তা। বদলিজনিত কারণে তাকে নতুন একটি স্কুলে ভর্তি করা হয়। নতুন পরিবেশে এসে সে মারামারি, স্কুল পালানো এসব অপরাধে লিপ্ত হয়ে পড়ে। হঠাৎ এ ধরনের পরিবর্তন দেখে পরিবারের সবাই চিন্তিত।

ক. প্রতিরোধ ব্যবস্থা কী? ১

খ. হতাশা ও বিষন্নতা কেন হয়? বুঝিয়ে বলো। ২

গ. শুভর এ ধরনের অপরাধে জড়িয়ে পড়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. শুভকে এ ধরনের অপরাধ থেকে দূরে রাখার জন্য কী কী পদক্ষেপ করা যেতে পারে? তোমার মতামত দাও। ৪

৪.▶ রনির বয়স সাত বছর। অনেক চেষ্টার পর এখনও তাকে সম্পূর্ণ স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ন শেখানো যাচ্ছে না। কারণ তাকে ক বলতে বললে 'হ' বলে, অ লিখতে বললে উল্টো লেখে। এ নিয়ে তার বাবা মায়ের দুশ্চিন্তার অন্ত নেই। তাই তারা ডাক্তারের শরণাপন্ন হলে তার দৃষ্টি ও শ্রবণ প্রতিবন্ধিতা শনাক্ত হয়।

ক. ধনুষ্টংকার থেকে রক্ষার জন্য কী টিকা দিতে হবে? ১

খ. বিপজ্জনক কর্মপরিবেশ বলতে কী বোঝায়? ২

Teachingbd24.com

গ. কীভাবে রনির দৃষ্টি ও শ্রবণ প্রতিবন্ধিতা শনাক্ত করা হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. তোমার মতে রনির জন্মের পূর্ব ও পরে কোন বিষয়গুলোর প্রতি তার বাবা-মা সচেতন থাকলে এ প্রতিবন্ধিতা রোধ করা সম্ভব হতো।' বিশ্লেষণ করো। ৪

**৫.▶** তমার ছোট ছেলে জয় প্রায়ই সর্দি কাশিজনিত সমস্যায় ভোগে। কয়েক দিন আগে খেলতে গিয়ে পা কেটে ফেলেছিল, এখনো ঘা শুকাচ্ছে না। বড় মেয়ে জয়া এসে বলল, "মা সন্ধ্যায় পড়তে গেলে বইয়ের অক্ষরগুলো অস্পষ্ট মনে হয়। আর অল্প আলোকে দেখতে অসুবিধা হচ্ছে।" মা রেগে গিয়ে বলেন, "শুধু মাংস খেতে চাও। শাকসবজি, ফল মূল না খাওয়াটাই আজ তোমার এ অবস্থার জন্য দায়ী।"

ক. ভিটামিন 'ই' এর অপর নাম কী? ১

খ. ভিটামিন 'ডি' এর কাজগুলো লেখো? ২

গ. জয়-এর সমস্যাগুলো কোন খাদ্য উপাদানের অভাবে সৃষ্ট? ব্যাখ্যা করো। ৩

ঘ. জয়ার ক্ষেত্রে মায়ের বক্তব্যের যথার্থতা নিরূপণ করো। ৪

**৬.▶** করিম সাহেব কিছুদিন যাবৎ বিভিন্ন ধরনের শারীরিক সমস্যায় ভুগছেন। যেমন ওজন বেড়ে যাওয়া, শরীর দুর্বল লাগা ইত্যাদি। তার সমস্যার কারণ জানাতে ডাক্তারের শরণাপন্ন হলে ডাক্তার তাকে মিষ্টি জাতীয় খাবার পরিহারের পরামর্শ দেন।

ক. পরিপাক কী? ১

Teachingbd24.com

খ. আঁশযুক্ত খাবার গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. করিম সাহেব কোন রোগে ভুগছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "করিম সাহেবের রোগটি নিয়ন্ত্রণে নিয়মতান্ত্রিক জীবনযাপনের বিকল্প নেই।"- তুমি কি এর সাথে একমত? এর সপক্ষে যুক্তি দাও।৪

৭.▶ সাথীর মেয়ে সুমী দেখতে মোটা ও খাটো। ঈদের কেনাকাটা করতে গিয়ে সে এমন পোশাক কিনতে চাইল,যেন মেয়েকে লম্বা দেখায়। সাথী মনে করেন, আকৃতি অনুযায়ী পোশাক নির্বাচন করলে ব্যক্তিত্বকে সহজেই ফুটিয়ে তোলা যায়।

ক. তন্তু কী? ১

খ. সুতি বস্ত্র আরামদায়ক কেন? ২

গ. সুমীর জন্য তার মা কেমন পোশাক নির্বাচন করবেন? বর্ণনা করো।৩

ঘ. সাথীর সাথে তুমি কি একমত? সপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ তানিয়া তার ব্যবহার্য কাপড় হিসেবে লিলেন কাপড়কে প্রাধান্য দেন। এর গঠনগত কারণে এ কাপড় ময়লা কম হয়, সূর্যালোকে নষ্ট হয় না ও টেকসই হয়। তবে তিনি আরামদায়ক ও বহুবিধ ব্যবহারের জন্য সুতি কাপড়কেই প্রাধান্য দেন।

ক. পল্লব তন্তু কাকে বলে? ১

খ. তন্তুর রেসিলিয়েন্সি বলতে কী বোঝায়? ২

গ. তানিয়া যে ধরনের তন্তুর কাপড় বেশি ব্যবহার করে তার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী "সুতি তন্তুকে তন্তুর রাজা' বলা হয়। এ ধারণার সাথে তুমি কি একমত? যুক্তি দিয়ে বোঝাও। ৪

Teachingbd24.com

গার্হস্থ্য বিজ্ঞান বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট বহুনির্বাচনি অভীক্ষা পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. গৃহব্যবস্থাপকের কোন গুণটি অন্য সদস্যদের মধ্যে সঞ্চারিত হয়?**
ⓚ উদ্দীপনা ⓚ অধ্যবসায়
ⓖ বিচার বুদ্ধি ⓖ সৃজনী শক্তি

**২. শয়নকক্ষের দেয়ালের রং কেমন হলে ভালো হয়?**
ⓚ লাল ⓚ গোলাপি
ⓖ হলুদ ⓖ কমলা

**৩. শিশুর বিকাশ কোন ধরনের প্রক্রিয়া?**
ⓚ সরল ⓚ মিশ্র
ⓖ জটিল ⓖ আবেগিক

**৪. প্রোটিন ও ক্যালরির মিলিত অভাবে কোন রোগ হয়?**
ⓚ রিকেট ⓚ বেরিবেরি
ⓖ ম্যারাদমাস ⓖ কোয়াশিয়রকর

**৫. কৈশোরে মনোসামাজিক সমস্যার মধ্যে পড়ে কোনটি?**
ⓚ খাদ্যে অনীহা ⓚ বিষণ্ণতা
ⓖ ঘুমের ব্যঘাত ⓖ ক্লান্তি

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**

সায়মার বড় ছেলেটি অবসরে ঘরে বসে টিভি দেখে ও গল্পের বই পড়ে। আর ছোট ছেলেটি সময় পেলেই বাসার পাশের মাঠে খেলতে চলে যায়। একদিন সায়মা বড় ছেলেকে দোকান থেকে কিছু জিনিস কিনে আনতে বললে সে বিরক্ত হয়ে যায়।

**৬. সায়মার মধ্যে কোন গুণের অভাব রয়েছে?**
ⓚ মানব প্রকৃতি সম্বন্ধে জ্ঞান
ⓚ অভিযোজ্যতা
ⓖ বিচার ক্ষমতা ⓖ বুদ্ধিমত্তা

**৭. উক্ত গুণ অর্জনে সায়মার করণীয় কোনটি?**
ⓚ সন্তানদের আচরণ পর্যবেক্ষণ করা
ⓚ সন্তানদের আদর করা
ⓖ ধৈর্য ধারণ করা
ⓖ নিজেই কাজটি করা

**৮. কোনটি মধ্যবর্তীকালীন লক্ষ্য?**
ⓚ স্কুলে যাওয়া
ⓚ যোগ্য টিউটরের সন্ধান করা
ⓖ ভালো রেজাল্ট করা
ⓖ সঠিকভাবে পড়াশোনা করা

**৯. কোন রোগের ক্ষেত্রে মেরুরজ্জু পিঠের দিকে থলির মতো ফুলে উঠে?**
ⓚ ক্রিটিনিজম
ⓚ সেরেব্রাল পলসি
ⓖ হাইড্রোসেফালি
ⓖ স্পাইনা বিফিটা

**১০. কোন সম্পদ অর্জন করার জন্য বার বার চর্চা করার প্রয়োজন হয়?**
ⓚ অর্থ ⓚ সময়
ⓖ দক্ষতা ⓖ দৃষ্টিভঙ্গি

**১১. কোন তন্তুর স্থিতিস্থাপকতা কম?**
ⓚ র‍্যামি ⓚ ফ্লাস্ক
ⓖ সিল্ক ⓖ পশম

**১২. হৃদরোগে আক্রান্ত ব্যক্তির খাদ্য তালিকায় কোনটি বর্জনীয়?**
ⓚ ভাত
ⓚ লাল টমেটো
ⓖ নোনা ইলিশ
ⓖ ননী তোলা দুধ

**১৩. কৈশোরের অন্তর্মুখী মনোসামাজিক সমস্যাগ্রস্ত শিশুদের কোন সমস্যার সৃষ্টি হয়?**
ⓚ মাদকাসক্তির
ⓚ স্কুল পালানোর
ⓖ খাদ্যে অনীহার
ⓖ মিথ্যা কথা বলার

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**

আবীদ বৃষ্টিতে ভিজে এসে তার স্কুল ড্রেস খুলে রাখল। দুই দিন পর তার মা ধোয়ার জন্য বের করে দেখলেন জামায় ছোট ছোট কালো দাগ পড়েছে। ফলে জামাটি পরার অনুপযুক্ত হয়ে পড়েছে।

Teachingbd24.com
https://teachingbd24.com

১৪. **আবীদের জামাটি কোন তন্তুর তৈরি?**

ক) রেশম  খ) সুতি

গ) পশম  ঘ) নাইলন

১৫. **আবীদের জামাটি পরার উপযোগী করার উপায় হলো-**

i. ব্লিচিংয়ের ব্যবহার

ii. ধোয়ার সময় ঘষে ঘষে ধোয়া

iii. গাঢ় এসিডে ধোয়া

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii

গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৬. **রিঠা কোন ধরনের পোশাক পরিষ্কার করতে ব্যবহৃত হয়?**

ক) সুতি ও লিনেন

খ) রেশম ও নাইলন

গ) রেশম ও পশম

ঘ) সুতি ও রেশম

১৭. **বুফে খাবার পরিবেশন করা হয় কখন?**

i. অতিথির সংখ্যা বেশি হলে

ii. জায়গা কম থাকলে

iii. প্রধান অতিথি না থাকলে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii

গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৮. **নিম্নমুখী বক্ররেখা কী প্রকাশ করে?**

ক) সংযম  খ) নমনীয়তা

গ) বিষাদ  ঘ) আনন্দ

১৯. **ব্লকের কাঠ কত ইঞ্চি লম্বা হয়?**

ক) ৮-১০ ইঞ্চি

খ) ১২-১৬ ইঞ্চি

গ) ১৬-১৭ ইঞ্চি

ঘ) ১৮-২০ ইঞ্চি

২০. **ভিটামিন ডি এর রাসায়নিক নাম কী?**

ক) রেটিন্যাল

খ) রেটিনল

গ) ক্যালসিফেরল

ঘ) টোকোফেরল

২১. **শিশু খুব ধীরে বেড়ে ওঠে কোন রোগের কারণে?**

ক) হাইড্রোসেফালি

খ) ক্রিটিনিজম

গ) ডাউন সিড্রোম

ঘ) মাইক্রোসেফালি

২২. **মানব জীবনের গুরুত্বপূর্ণ পর্যায় কোনটি?**

ক) অতি শৈশবকাল

খ) প্রারম্ভিক শৈশবকাল

গ) মধ্য শৈশবকাল

ঘ) কৈশোরকাল

২৩. **তন্তুর রাজা কোনটি?**

ক) সুতি

খ) রেশম

গ) পশম

ঘ) রেয়ন তন্তু

২৪. **কোনটি উদ্ভিজ্জ প্রোটিন-**

ক) মাছ

খ) মাংস

গ) ডাল

ঘ) ডিম

২৫. **চর্বিতে দ্রবণীয় ভিটামিন হলো-**

i. ভিটামিন-এ

ii. ভিটামিন-বি

iii. ভিটামিন-ডি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii

খ) i ও iii

গ) ii ও iii

ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ |
| | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | | |

Teachingbd24.com